

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৪৯.১৭-১১৪

তারিখঃ ০৯/০৮/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ দরপত্রে দাখিলকৃত Credit Line Certificate এর গ্রহণযোগ্যতার বিষয়ে মতামত প্রদান।


সূত্রঃ ৫৬.১০৯.০০৭.০০০০.৮৫.২০১৮-৮৫৭; তারিখঃ ২৩/০৭/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আলোচ্য দরপত্রে কোন্ আদর্শ দরপত্র দলিল (STD) ব্যবহৃত হয়েছে সেটি উল্লেখ করা হয়নি। ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে সরকার প্রণীত আদর্শ দরপত্র দলিল, PSN, এর সংস্থান অনুযায়ী দরদাতার আর্থিক সামর্থ্যের প্রমাণস্বরূপ ন্যূনতম Liquid Asset বা Working Capital বা Line of Credit এর সমর্থনে প্রামাণ্য দলিল দাখিলের শর্ত আছে। Line of Credit দাখিলের ক্ষেত্রে সেটি আদর্শ দরপত্র দলিলের নির্ধারিত ছকে অপরিবর্তনীয় (without alternation) ভাবে দাখিল করতে হবে। উদাহরণস্বরূপ PSN এর ITT 24.1(f) Clause এর সংস্থানের আলোকে Letter of Commitment for Bank's undertaking for Line of Credit (Form PSN-5), Standard Tender Document (National) for Procurement of Non-consulting Services দেখা যেতে পারে।

০২। উন্নয়ন সহযোগী কর্তৃক নির্ধারিত আদর্শ দলিল ব্যবহারের ক্ষেত্রে দরদাতার আর্থিক সামর্থ্যের (Working Capital/Liquid Assets/Line of Credit) সমর্থনে দাখিলতব্য দলিল বিষয়ে দরপত্র দলিলে উল্লিখিত আবশ্যিকীয় শর্ত, নির্ধারিত ফরম্যাট, ইত্যাদি পরীক্ষান্তে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে যেটি দরপত্র মূল্যায়ন কমিটির এখতিয়ার।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রকল্প পরিচালক
LICT Project
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)
আইসিটি টাওয়ার (বিসিসি ভবন)
প্লট নং-ই-১৪/এক্স, আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।


(মোসাম্মা হাযিব)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।